দৈনিক বাংলা

তারিখ ২৯/১২/৮২

পৃষ্ঠা ৪ কলাম ৫

476

003

# কুমিরা স্কুল প্রসঙ্গে

বন্দর নগরী চট্টগ্রাম শহর হইতে ১৫ মাইল উত্তরে সীতাকুণ্ড থানার অন্তর্গত কুমিরা ইউনিয়নের মনস্তাত্বিক সংশোধনীর পদ্ধতিতে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান কুমিরা আবাসিক উচ্চ বিদ্যালয় অবস্থিত। এই শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০ হইতে ৩৫০ জন ছাত্র হোস্টেলে প্রায় ১৫ জন উচ্চ ডিগ্রীধারী অভিজ্ঞ শিক্ষক মণ্ডলীর নিয়ন্ত্রাধীন থাকিয়া লেখাপড়া করে। বহু দূর দূরান্ত হইতে আগত ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের আসিয়া প্রতি বছর ভাল ফলাফল করিয়া থাকে। কিন্তু দুঃখের কথা স্থানীয় কিছু দুষ্ট লোক এই শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিভিন্ন অপপ্রচারমূলক কাজে লিপ্ত। স্কুল চলাকালীন সময়ে মাইকের সাহায্যে স্কুলের সামনের রাস্তায় বিভিন্ন অশ্লীল গান বাজনা করিয়া লেখাপড়ার পরিবেশ নষ্ট করে। আর স্কুলে মেয়েরা আসার পথে বিভিন্ন অশ্লীল বাক্য উচ্চারণ করে।

অতএব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন, কুমিরা আবাসিক স্কুলটিকে এসব গ্রাম্য টাউটদের অত্যাচার হইতে রক্ষা করুন।

কুমিরা আবাসিক উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পক্ষে—

১। নেছার আহাম্মদ পরীক্ষার্থী বিজ্ঞান বিভাগ।

২। এস, এম, কবির আহম্মদ পরীক্ষার্থী বাণিজ্য বিভাগ।